গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১১৫

**রাজশাহীতে উদযাপিত হবে লালনের ১৩৫তম তিরোধান দিবস**

রাজশাহী; ৩১ আশ্বিন (১৬ অক্টোবর):

আগামীকাল ১৭ অক্টোবর লালন সাঁই এর ১৩৫তম তিরোধান দিবস। যথাযোগ্য মর্যাদায় দিবসটি জাতীয়ভাবে পালনের অংশ হিসেবে রাজশাহী জেলা প্রশাসন রাজশাহীতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

দিবসটি পালন উপলক্ষে ১৭ অক্টোবর বিকাল পৌনে পাঁচটায় নগরীর দরগাপাড়ার লালন শাহ্ মুক্তমঞ্চে লালন সাঁই এর জীবন ও কর্ম নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

আলোচনা সভা শেষে সন্ধ্যার পর একইস্থানে লালন শাহ্ এর গান নিয়ে এক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে।

...................................................

স্মিতা/তৌহিদ/আতিক/আলীম/ ২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd